গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
শৃঙ্খলা শাখা
www.mefwd.gov.bd

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.২০২.২৫- ২৪৭

তারিখ: ০৩ ভাদ্র ১৪৩৩ / ১৮ আগস্ট ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব দারুল আলম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সদর, মাগুরা-এর বিরুদ্ধে জনাব মেরিনা সুলতানা, পরিবার কল্যাণ সহকারী, ১/খ ইউনিট, রাঘবদাইড় ইউনিয়ন, মাগুরা সদর, মাগুরা-কে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করার পরেও বেতন ভাতাদি প্রদান করেননি মর্মে অভিযোগ উত্থাপিত হয়;

০২। যেহেতু, তার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের পরিপ্রেক্ষিতে পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে প্রেরিত প্রস্তাবের ভিত্তিতে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণের' অভিযোগ আনয়নক্রমে বিভাগীয় মামলা নং-১১০/২৫ রুজু করে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ২০-১১-২০২৫ তারিখের ৫৯.০০.০০০০.১১৭.২৭.২০২.২৫-৩০৮ নং স্মারকে প্রথম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

০৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১ম কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। গত ০৯/০৮/২০২৬ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিতে অভিযুক্ত কর্মকর্তা বলেন, তার সকল উর্ধ্বতন কতৃপক্ষই বিধি-বিধান অনুসরণপূর্বক মেরিনা সুলতানা, পরিবার কল্যাণ সহকারী, ১/খ ইউনিট, রাঘবদাইড় ইউনিয়ন, মাগুরা সদর, মাগুরা-এর অননুমোদিত অনুপস্থিতকালীন সময়ের বেতন-ভাতাদি পরিশোধের নির্দেশনা প্রদান করেন। কিন্তু কোন্ বিধি-বিধান অনুযায়ী তার অননুমোদিত ৭ বছর ২ মাস অনুপস্থিতকাল নিষ্পত্তি করে বেতন-ভাতাদি পরিশোধ করা হবে সে বিষয়ে কোনো নির্দেশনা পাওয়া যায়নি বিধায় বিষয়টি নিষ্পত্তি করা সম্ভব হয়নি। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসে এত দীর্ঘদিন অননুমোদিত অনুপস্থিতির বিষয়টি নিষ্পত্তির কোনো ক্ষমতা/এখতিয়ার নেই বিধায় তিনি প্রতিবারই সুনির্দিষ্ট আইন ও বিধি-বিধান জানতে চেয়েছেন মাত্র। অভিযুক্ত কর্মকর্তার চাকরিও শেষ পর্যায়ে। উপরোক্ত বিষয়াদি সুবিবেচনাপূর্বক তার বিরুদ্ধে আনীত অসদাচরনের অভিযোগ হতে অব্যাহতি প্রদানের জন্য তিনি বিনীত আবেদন জানান;

০৪। সেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, দাখিলকৃত জবাব, উভয় পক্ষের বক্তব্য, সংশ্লিষ্ট কাগজপত্র এবং নথিপত্র পর্যালোচনা করা হয়। নথি পত্রের ও ব্যক্তিগত শুনানির পরিপ্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা জনাব দারুল আলম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মাগুরা সদর, মাগুরা বর্তমানে উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, হরিপুর, ঠাকুরগাঁও-কে বিভাগীয় মামলায় আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি দেওয়া হলো।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মো: কামরুজ্জামান চৌধুরী)
সচিব

চলমান পাতা-২

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.২০২.২৫-২৪৭

তারিখ: ০৩ ভাদ্র ১৪৩৩ / ১৮ আগস্ট ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
০২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
০৩। পরিচালক, এমআইএস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (ডেটাবেইজে সংরক্ষণ করার জন্য)
০৪। উপসচিব (পার-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। পরিচালক, পরিবার পরিকল্পনা, বিভাগীয় কার্যালয়, রংপুর
০৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের কপি এ বিভাগে প্রেরণের অনুরোধসহ)
০৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রকাশের অনুরোধসহ)
০৮। উপপরিচালক জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মাগুরা /ঠাকুরগাঁও
০৯। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সদর, মাগুরা
১০। জনাব দারুল আলম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সদর, মাগুরা বর্তমানে উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় হরিপুর, ঠাকুরগাঁও

১৮/০৮/২০২৬

(মোছ: শারমীন আখতার)
উপসচিব
ফোন:৫৫১০০৯৫৬
Email: disc1@mefwd.gov.bd